শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ


**নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২**

বনপাড়া, নাটোর।

টেলি: ০৭৭২৩-৫৬০৯৩,০৭৭২৩-৫৬০১১
ফ্যাক্স: ০৭৭২৩-৫৬২০৪
ই-মেইল : natorepbs2hq@yahoo.com
web address: www. pbs2.natore.gov.bd


স্মারক নং-২৭.১২.৬৯১৫.৫১৩.০২.০০৮.২৩. ৪৭০০ তারিখঃ- ২৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৮ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কুক-কাম কেয়ারটেকার এর শূণ্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর জন্য প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে জেনারেল ম্যানেজার, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ বরাবর আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| পদের নামঃ | কুক-কাম কেয়ারটেকার | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|
| বেতন স্কেলঃ | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৫,৫০০ হতে ৩৯,১৭০/- এবং নিয়ম অনুযায়ী বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | বাগেরহাট, বান্দরবন, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, জয়পুরহাট, কুষ্টিয়া, মাগুরা, মেহেরপুর, নওগাঁ, নড়াইল, নাটোর, নীলফামারী, পাবনা, পঞ্চগড়, পিরোজপুর, রাজবাড়ী, রাজশাহী, সিরাজগঞ্জ ও টাঙ্গাইল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
| পদের সংখ্যাঃ | ০১টি | |
| প্রার্থীর যোগ্যতাঃ | ক) এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) সৎ, বিশ্বস্ত ও মার্জিত ব্যক্তিত্বের অধিকারী হতে হবে।<br>গ) রান্নার কাজে ০৪(চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>ঙ) সব ধরনের দেশীয় ও পশ্চিমা খাবার রান্না করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |

**শর্তাবলীঃ**

০১। আবেদনপত্র পূরণ ও জমাদানঃ নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েবসাইট (www.pbs2.natore.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্ষণ-০১) ডাউনলোড পূর্বক স্ব-হস্তে পূরণ করে আগামী ০২/১২/২০২৩খ্রি. অফিস চলাকালীন সময়ের মধ্যে "জেনারেল ম্যানেজার, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বনপাড়া, নাটোর" বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। হাতে হাতে, সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। ৩০/১১/২০২৩খ্রি. তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর।

০৩। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে।**

(ক) সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;
(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদের মূলকপি;
(ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র//ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(চ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা বাপবিবো/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ছ) জেনারেল ম্যানেজার, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বনপাড়া, নাটোর এর অনুকূলে ১০০/- (একশত) টাকার ক্রসড পোষ্টাল অর্ডার সংযুক্ত করতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য নয়।

০৪। আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা বাপবিবো/পবিস কর্তৃক সত্যায়িত এবং নাম ও পদবী সম্বলিত সীল থাকতে হবে।

০৫। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

০৬। নিয়োগের ক্ষেত্রে সকল ধরণের সরকারী কোটা নীতি অনুসরণ করা হবে। নিয়োগকালে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সে ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেট সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮। কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী কারো উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

০৯। অত্র সমিতির বোর্ড পরিচালক/মহিলা পরিচালক/মনোনীত পরিচালক/কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেহ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেহ আবেদন করতে পারবেন না।

১০। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১১। অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

১৪। উল্লিখিত পদের জন্য মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে খামের উপর তা সু-স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

১৫। অসম্পূর্ণ আবেদন তথ্য নির্ধারিত আবেদন পত্রটি যথাযথভাবে পূরণ না করা হলে বা আংশিক পূরণ করা হলে বা ভূল তথ্য প্রদান করা হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়া অর্থাৎ লিখিত/ব্যবহারিক/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে **"প্রযোজ্য নয়"** উল্লেখ করতে হবে।

১৬। খামের উপর প্রার্থিত পদের নাম ও নিজ জেলা সু-স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১৭। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সময় প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে।

৪।১১।২৩

**(মোঃ মোমীনুল ইসলাম)**

জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।

০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নাটোর।

০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.............পবিস-১/২/৩/৪ (বিজ্ঞপ্তি ও আবেদন ফরম আপনার পবিস-এর মানব সম্পদ বিভাগে সংরক্ষণ পূর্বক প্রার্থীগণের চাহিদা অনুযায়ী সরবরাহের বিশেষ অনুরোধসহ)

০৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।

০৭। ডিজিএম (সদর-কারিগরি)/চারঘাট/গুরুদাসপুর/লালপুর/বাঘা জোনাল অফিস, নাপবিস-২।

০৮। এজিএম, লক্ষীকোল/দয়ারামপুর সাব-জোনাল অফিস, নাটোর পবিস-২।

০৯। এজিএম (প্রশাসন/অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/আইটি), নাটোর পবিস-২।

১০। নোটিশ বোর্ড, নাটোর পবিস-২।

১১। ওয়েব সাইট- **www.pbs2.natore.gov.bd** (আইটি বিভাগ ওয়েব সাইটে প্রকাশ করবেন)।

১২। অফিস কপি/মাস্টার কপি।

৪।১১।২৩

**(মোঃ মোমীনুল ইসলাম)**

জেনারেল ম্যানেজার।